ঈদে আসছে ৬টি ছবি

কোন কোন নায়ক-নায়িকার একাধিক ছবি থাকায় ব্যবসা নিয়ে শংকা

সপ্তাহ খানেক পরে কোরবানীর ঈদ। তাই ঈদের ছবি নিয়ে তোড়জোড় শুরু হয়ে গেছে। ছবির প্রিন্টিং, প্রচার ও বুকিং সবই এক সাথে চলছে। সর্বশেষ খবর অনুযায়ী এবারের ঈদে ৬টি ছবি ঢাকা-নারায়ণগঞ্জসহ সারাদেশে ও ১টি ছবি শুধু মফস্বলে মুক্তি পাওয়ার সম্ভাবনা রয়েছে। এ ৬টি ছবির মধ্যে মান্না ও মৌসুমী অভিনীত ৩টি এবং পূর্ণিমা ও আমিন খান অভিনীত ২টি করে ছবি রয়েছে। ময়ূরীর রয়েছে ৪টি ছবি। এছাড়া শাবনূর, মাহফুজ, মুনমুন, রিয়াজ, শাকিব, শাহীন খান ও আলেকজান্ডার অভিনীত ১টি করে ছবি রয়েছে। আবার একই পরিচালকের ২টি ছবি রয়েছে। উল্লেখ্য, গত ঈদেও শাবনূর, রিয়াজ ও মান্না অভিনীত একাধিক ছবি মুক্তি পায়। একই শিল্পী অভিনীত একাধিক ছবি এক সাথে মুক্তি দেয়া হলে ব্যবসা বিঘ্নিত হয়। একথা আগে শোনা গেছে কিন্তু গত ঈদে তা প্রমাণিত হয়েছে। তাই এবারও একই পুনরাবৃত্তি ঘটিতে যাচ্ছে। এ নিয়ে ইতিমধ্যেই প্রযোজক পরিবেশকদের মধ্যে সংশয় দেখা দিয়েছে। অভিনেতা প্রযোজক-পরিবেশক মনোয়ার হোসেন ডিপজল এ প্রসঙ্গে বলেন, ছবির বর্তমান মন্দা বাজারে এভাবে ছবি মুক্তি দেয়ার অর্থ হলো নিজেদের পায়ে নিজেরা কুড়াল মারা। এমনিতেই ছবি ব্যবসা করে না। সবাই ঈদের ছবির দিকে তাকিয়ে থাকেন। ঈদের ছবিগুলো ভাল ব্যবসা করলে এগুলোর টানে পরবর্তী ছবিগুলোও কমবেশী ব্যবসা করবে। কিন্তু ঈদের ছবি নিয়ে যা হচ্ছে তাতে সে আশায় গুড়ে বালি। এভাবে ব্যবসায় মার খেতে খেতে এক সময় প্রযোজকদের সংখ্যা আরো সীমিত হয়ে আসবে। যার ফল পুরো শিল্পকে ভোগ করতে হবে। ঈদের ছবিগুলোর মধ্যে রয়েছে (১) ভয়ানক সংঘর্ষ-পরিচালক মনতাজুর রহমান আকবর। শিল্পী-মান্না, মৌসুমী, ময়ূরী, ডলি জহুর, নাসরিন, ডিপজল, নাসির খান, আফজাল শরীফ ও সোহেল রানা। সংগীত-আলম খান, চিত্রগ্রহণে- খান মোহাম্মদ, সম্পাদনা-আমজাদ হোসেন। প্রযোজনা-মঞ্জুরুল হাসান। পরিবেশনা-প্যানোরোমা মুভিজ। (২) হৃদয়ের বন্ধন-পরিচালক এফ আই মানিক। শিল্পী-শাবনূর, রিয়াজ, আমিন খান, আনোয়ারা, দুলারী, শারমিন, জেসমিন, কেয়া, বিনা, আলী আমজাদ, ববি, কাবিলা, ও রাজীব। চিত্রগ্রহণ-জেড, এইচ, মিন্টু। সম্পাদনা-আনোয়ার হোসেন মন্টু, সংগীত-শওকত আলী ইমন। আবহ সংগীত-আলাউদ্দিন আলী। প্রযোজনা-পরিবেশনা-এস এম ফিল্মস ইন্টারন্যাশনাল। (৩) নায়ক-পরিচালক ইস্পাহানী আরিফ জামান। শিল্পী-মান্না, পূর্ণিমা, ময়ূরী, কল্পনা, খলিল, নাসির খান, অমল বোস ও ডিপজল। সংগীত-আনোয়ার জামান নান্টু। সম্পাদনা-দিলদার হাসান। প্রযোজনা-পরিবেশনা-দিগন্ত চলচ্চিত্র। (৪) বিপজ্জনক-পরিচালক শেখ দীদার। শিল্পী-মৌসুমী, আমিন খান, পূর্ণিমা, শাহীন আলম, ময়ূরী, কল্পনা, রাশেদা চৌধুরী, বাবুল আহমদ, মিজু আহমেদ ও ডিপজল। চিত্রগ্রহণ-সিরাজুল ইসলাম। সংগীত-আহমেদ ইমতিয়াজ বুলবুল, সম্পাদনা-সাইফুল ইসলাম। প্রযোজনা-পরিবেশনা-ডি. এফ ফিল্মস। (৫) মেজর সাহেব-পরিচালক মনতাজুর রহমান আকবর। শিল্পী- মান্না, মৌসুমী, শাহনাজ, ময়ূরী, ডিপজল, দিলদার, সুরুজ বাঙালী ও রাজ্জাক। সংগীত-আলম খান। চিত্রগ্রহণ-খান মোহাম্মদ, সম্পাদনা-আমজাদ হোসেন। প্রযোজনা-আরমান। পরিবেশনা-আরমান প্রডাকসন। (৬) ভন্ড ওঝা-পরিচালক পি. এ কাজল। শিল্পী-মুনমুন, শাকিব, ময়ূরী, আলেক জান্ডার, প্রবীর, আফজাল শরীফ, মিশা সওদাগর ও ডিপজল। চিত্রগ্রহণ-লাল মোহাম্মদ। সম্পাদনা-নাজির হোসেন। সংগীত-আবিদ রনী। প্রযোজনা-পরিবেশনা-শংখ বাণীচিত্র। ❑ নিজস্ব প্রতিনিধি

টিভিতে আজ বৃহস্পতিবার ধারাবাহিক নাটক 'অতঃপর তাহারা'

ধারাবাহিক নাটক অতঃপর তাহারা প্রচারিত হবে আজ ১৪ ফেব্রুয়ারী বৃহস্পতিবার রাত ৯টায়। রেজাউর রহমান ইজাজ রচিত এবং মনোজ সেনগুপ্ত প্রযোজিত এ ধারাবাহিক নাটকে অভিনয় করেছেন বুলবুল আহমেদ, দিলারা জামান, আবুল কাসেম, আফরোজ জামান, টনি ডায়েস, তাজিন আহমেদ, ঈষিতা, শাহরিয়ার নাজিম জয়, শফিক সাদেকী, শিল্পী লিংকন, হাফিজুর রহমান সুরুজ, বাবুল আহমেদ, এবিএম সোহেল রশিদ, এনামুল করিম লুলু, ডাঃ এজাজুল ইসলাম, আমিনুল হক আমিন, নাদিয়া হাবীব চঞ্চু, দীপ, জিয়াউল হুদা উজ্জল, গোলাম হাবীব বুলবুল, শিরীন আলম, মোস্তাফিজুর রহমান মারুফ প্রমুখ।

সংগীতানুষ্ঠান গীতিবিচিত্রা

বিনোদন মূলক সংগীতানুষ্ঠান গীতিবিচিত্রা প্রচারিত হবে আজ বৃহস্পতিবার রাত ৯-৩০ মিনিটে। গীতিবিচিত্রা গ্রন্থনা ও উপস্থাপনা করেছেন শামীম আরা মুন্নি। ফিরোজ মাহমুদ প্রযোজিত এবারের গীতিবিচিত্রার শিল্পীরা হলেন হিরা নওশের, সৈকত দাস, রবী চৌধুরী, এস, ডি, রুবেল, লীনু বিল্লাহ।

শুক্রবার ধারাবাহিক নাটক 'এই মেঘ এই রৌদ্র'

বেসরকারী উদ্যোগে নির্মিত ধারাবাহিক প্রামাণ্য নাটক এই মেঘ এই রৌদ্র প্রচারিত হবে আগামীকাল ১৫ ফেব্রুয়ারী শুক্রবার রাত ৮-৩০ মিনিটে। হুমায়ুন আহমেদ রচিত ও পরিচালিত এ ধারাবাহিক নাটকে অভিনয় করেছেন সালেহ আহমেদ, মাসুদ আলী খান, দিলারা জামান, মাহফুজ আহমেদ, শাওন, চম্পা, এজাজুল ইসলাম, নজমুল হুদা বাচ্চু, তানিয়া আহমেদ, পীযুষ বন্দ্যোপাধ্যায়, শামীমা নাজনীন, শংকর শাওজাল, ফারুক আহমেদ প্রমুখ।

ম্যাগাজিন অনুষ্ঠান 'রংধনু'

বিনোদনমূলক ম্যাগাজিন অনুষ্ঠান রংধনু প্রচারিত হবে আগামীকাল ১৫ ফেব্রুয়ারী শুক্রবার রাত ৯টায়। কাজী খুরশীদুজ্জামান উৎপল এর গ্রন্থনা ও উপস্থাপনায় রংধনু প্রযোজনা করেছেন একেএম নূর হোসেন দিলু।

শনিবার এ সপ্তাহের নাটক 'ফাঁদ'

এ সপ্তাহের নাটক ফাঁদ প্রচারিত হবে আগামী ১৬ ফেব্রুয়ারী শনিবার রাত ৮-৩০ মিনিটে। ছোট গল্পকার মঞ্জু সরকার রচিত এবং আরেক ছোট গল্পকার ফরিদুর রহমান প্রযোজিত এ নাটকে অভিনয় করেছেন টিআর চানু, সাহানা বানু নীরা, তামান্না ইয়াসমীন তিথি, মিলি মুন্সী, খলিলুর রহমান কাদরী, দিলীপ রায়, আতিকুর রহমান, নান্নু চৌধুরী, গোলাম সারোয়ার, নাজনীন চৌধুরী, অর্না, তারেক হাসান প্রমুখ। নাটকটি রংপুরের আঞ্চলিক ভাষায় রচিত। সম্পূর্ণ নাটকটি বহির্দৃশ্যে চিত্রায়িত পুবাইলের ভাদুন গ্রামে। চিত্র গ্রহণ করেছেন জুলফিকার রহমান। আবহ সঙ্গীতে সেলিম রেজা। সামগ্রিক সহযোগিতায় প্রদীপ বণিক। শামীম গ্রামে যায় তথ্য সংগ্রহের জন্য। সেখানে গিয়ে শামীম নানা প্রকার জটিলতার মুখোমুখি হয়। ভালোবাসার আশ্রয়ে মুক্তি পেতে চায় বন্দী আম্বিয়া। আম্বিয়াকে ঘিরে গ্রামে প্রচলিত গল্পগুচ্ছ এবং তার গৃহবন্দী দশা সহজে মেনে নিতে পারে না শামীম। কিন্তু গ্রামসমাজ মেনে নিতে পারে না বহিরাগত যুবক শামীমের ঔদ্ধত্ব। আম্বিয়ার সকল দায়-দায়িত্ব শামীমকে গ্রহণে বাধ্য করার জন্যে আয়োজন করে বিবাহ নামক ফাঁদের।

রোববার নাটক 'অন্তমিল'

বেসরকারী উদ্যোগে নির্মিত নাটক অন্তমিল প্রচারিত হবে আগামী ১৭ ফেব্রুয়ারী রোববার রাত ৮-৩০ মিনিটে। আজাদ আবুল কালাম রচিত এবং বেলাল আহমেদ পরিচালিত এ নাটকে অভিনয় করেছেন তমালিকা কর্মকার, আজাদ আবুল কালাম, শহীদুল আলম সাচ্ছু, আঞ্জুমান আরা বকুল, কল্লোল, উহামা, মা.আ. সালাম প্রমুখ।

সোমবার নাটক 'জননী ও জাতিকা'

বেসরকারী উদ্যোগে নির্মিত নাটক জননী ও জাতিকা প্রচারিত হবে আগামী ১৮ ফেব্রুয়ারী সোমবার রাত ৮-৩০ মিনিটে। শওকত আলীর উপন্যাস অবলম্বনে নাট্যরূপ ও পরিচালনা করেছেন। নাহিদ আহমেদ পিয়াল। এ নাটকে অভিনয় করেছেন পীযুষ বন্দ্যোপাধ্যায়, শিল্পী লিংকন, শামস সুমন, আফরোজা বানু প্রমুখ।

মঙ্গলবার ধারাবাহিক নাটক 'সেইসব মানুষ'

ধারাবাহিক নাটক সেই সব মানুষ প্রচারিত হবে আগামী ১৯ ফেব্রুয়ারী মঙ্গলবার রাত ৮-৩০ মিনিটে। আজিজ মিসির রচিত এবং আলাউদ্দিন আহমেদ প্রযোজিত এ ধারাবাহিক নাটকে অভিনয় করেছেন ফারজানা চুমকী, রোজী সিদ্দিকী, শিরীন বকুল, কাজী আসাদ, হীরেন দে, রায়হান চৌধুরী, পৃথা তাহের, শিল্পী সরকার অপু, শামীম শাহেদ, ফজলুর রহমান বাবু, তাজ তানিয়া, তুষার খান প্রমুখ।

বুধবার ধারাবাহিক নাটক 'ভালবাসার সুখ-দুঃখ'

বেসরকারী উদ্যোগে নির্মিত ধারাবাহিক নাটক ভালবাসার সুখ-দুঃখ প্রচারিত হবে আগামী ২০ ফেব্রুয়ারী বুধবার রাত ৮-৩০ মিনিটে। ইমদাদুল হক মিলন রচিত ও পরিচালিত এ ধারাবাহিক নাটকে অভিনয় করেছেন নাদের চৌধুরী, আব্দুল কাদের, শান্তা ইসলাম, মাহবুবা ইসলাম সুমী, মৌসুমী মাটিন, জাহিদ হাসান, দিলারা জামান, চিত্রলেখা গুহ, খুরশীদুজ্জামান উৎপল, শমি কায়সার, শিল্পী সরকার অপু, সতীর্থ রহমান, মোমেনা চৌধুরী, শর্মিলী আহমেদ, বুলবুল আহমেদ প্রমুখ।

ধারাবাহিক নাটক 'সাতশ' সাতাত্তর

বেসরকারী উদ্যোগে নির্মিত ধারাবাহিক নাটক সাতশ' সাতাত্তর প্রচারিত হবে ২০ ফেব্রুয়ারী বুধবার রাত ৯-৩০ মিনিটে, মিনহাজুর রহমান ও ইউসুফ হাসান পরিচালিত এ ধারাবাহিক নাটকে অভিনয় করেছেন তৌকির আহমেদ, বিপাশা হায়াত, তারিক আনাম খান, আবুল হায়াত, আবুল কালাম আজাদ, মোশাররফ হোসেন প্রমুখ। ❑ হাফিজুর রহমান

কলকাতা বঙ্গ সংস্কৃতি উৎসবে বরিশালের 'শব্দাবলী'

ববরিশালের শব্দাবলী গ্রুপ থিয়েটার 'ভাষা শহীদ স্মারক সমিতির আমন্ত্রণে সম্প্রতি সফর করে এসেছে কোলকাতা। সেখানে বঙ্গ সংস্কৃতি উৎসবে শব্দাবলী পরিবেশন করে লোক কাহিনী ভিত্তিক নাটক 'গুনাইবিবি' এবং 'কীর্তনখোলার তীরে' শিরোনামে নৃত্য গীতের অনুষ্ঠান। কোলকাতায় বহু বছর আগে শুরু হয়েছিল বঙ্গ সংস্কৃতি সম্মেলন। ঐ সম্মেলনে বাংলার সাংস্কৃতিক ঐতিহ্যকে তুলে ধরা হত। চলতি বছর একটু ভিন্ন আঙ্গিকে বঙ্গ সংস্কৃতি উৎসব অনুষ্ঠানটি করার উদ্যোগ নেয় কোলকাতার ভাষা শহীদ স্মারক সমিতি। উৎসব মাঠে গঙ্গা-যমুনা মঞ্চে প্রদর্শিত হয় 'গুনাইবিবি' নাটক। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য ও যোগাযোগমন্ত্রী সুভাষ মুখোপাধ্যায় নাটক উপভোগ করেন। আব্বাসউদ্দিন মঞ্চে 'কীর্তনখোলার তীরে' শিরোনামে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। বরিশালের আঞ্চলিক গান ও নাচ দিয়ে এই অনুষ্ঠান উপস্থাপন করা হয়। দ্বিতীয় দিনের অনুষ্ঠান শেষে শব্দাবলীকে সংবর্ধনা প্রদান করে উৎসবের আয়োজক কমিটি। প্রতিনিধি দলের সদস্যদের হাতে ক্রেস্ট তুলে দেন পদ্মশ্রী দেব দুলাল বন্দ্যোপাধ্যায়। সংবর্ধনা অনুষ্ঠানে শব্দাবলী গ্রুপ থিয়েটারের সভাপতি সৈয়দ দুলাল বক্তৃতা করেন। ❑ মাইনুল হাসান